

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৪নং আলিয়াবাদ ইউনিয়ন পরিষদ কার্যালয়
ফরিদপুর সদর, ফরিদপুর।

স্মারক নং- আলিয়াবাদ/ইউপি/

তারিখঃ-----

৪নং আলিয়াবাদ ইউনিয়ন সার্বজনীন জন্ম-মৃত্যু নিবন্ধন টাঙ্কফোর্স সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ ওমর ফারুক, চেয়ারম্যান, আলিয়াবাদ ইউপি, ফরিদপুর সদর, ফরিদপুর
সভার স্থান : ইউনিয়ন পরিষদ সভা কক্ষ
তারিখ : ২০/০৭/২০২৩
সময় : সকাল ১০.০০ ঘটিকা;

সভার উপস্থিতি : পরিশিষ্ট “ক”

সভার শুরুতে তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সকলের উদ্দেশ্যে সার্বজনীন জন্ম-মৃত্যু নিবন্ধনের গুরুত্ব তুলে ধরেন। জন্ম-মৃত্যু নিবন্ধনের বহুমাত্রিক ব্যবহার ও প্রয়োজনীয়তা সম্পর্কেও তিনি বিস্তারিত আলোচনা করেন। সভাতে গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোনরূপ সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(ক) জন্মের ৪৫ দিনের মধ্যে নবজাতক শিশুর জন্ম নিবন্ধন শতভাগ নিশ্চিত করণ।	সভাপতি মহোদয় বলেন, জন্ম নিবন্ধন আইন, ২০০৪ এর ধারা (৫-৬) অনুসারে প্রতিটি ব্যক্তির জন্ম নিবন্ধন নিশ্চিত করা নিবন্ধকের একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব। ধারা ৯ অনুসারে একাজে সঠিক তথ্য দিয়ে সার্বিক সহায়তা করার জন্য অধ্যকার সভায় উপস্থিত সদস্যবৃন্দের যথেষ্ট গুরুত্ব রয়েছে। ৬৪ জেলার মধ্যে ফরিদপুর জেলা অনেক পিছিয়ে আছে। শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন সম্পন্ন করা বাধ্যতামূলক এবং আইনি দায়িত্ব। একাজটি শতভাগ নিশ্চিত করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের জোরালো নির্দেশনা রয়েছে। মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রেও একই নির্দেশনা রয়েছে। এ বিষয়ে সকলে বিস্তারিত আলোচনা করেন।	জন্ম-মৃত্যুর ৪৫ দিনের মধ্যে শতভাগ জন্ম-মৃত্যু নিবন্ধন সম্পন্ন করার জন্য তথ্য দিয়ে সার্বিক সহযোগীতা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	ইউপি সদস্য (সকল), স্বাস্থ্য সহকারী (সকল), গ্রাম পুলিশ, উদ্যোক্তা, গন্যমান্য ব্যক্তি।
(খ) প্রচার প্রচারণা।	৬নং ওয়ার্ড সদস্য ও সভাপতি জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক স্থায়ী কমিটি জনাব মোঃ আফজাল মোল্যা বলেন, অভিভাবকের সচেতনতা বৃদ্ধির জন্য মাকিং করা দরকার।	চলিত মাসের মধ্যে মাইকিং করা এবং পরবর্তী ওয়ার্ড মিটিংএ আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি সচিব, গ্রাম পুলিশ, ইউপি সদস্য।
(গ) এক্সপেক্টেড ডেলিভারী ডেইট তথ্য সংগ্রহ।	ইউপি সচিব জনাব মোঃ শাহজাহান ফকির বলেন, উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর স্যারের নির্দেশনা অনুযায়ী ইউনিয়ন স্বাস্থ্য কর্মীদের নিকট হতে ইডিডি তালিকা সংগ্রহ করে নিবন্ধনের কাজকে আরও ত্বরান্বিত করার প্রক্রিয়া চলমান রয়েছে এবং তালিকা অনুসারে অভিনন্দনপত্র প্রেরণ করা হচ্ছে। স্বাস্থ্য কর্মী ও গ্রাম পুলিশদের আন্তরিক সহযোগীতা প্রয়োজন। পরিবার পরিকল্পনা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোঃ মামুনুর রশিদ জানান, প্রত্যেক মাসে ইডিডি তালিকা	(ক) প্রত্যেক মাসে অন্তত ২ বার ইডিডি তালিকা সংগ্রহ করা। (খ) ইডিডি তালিকা অনুসারে অভিনন্দনপত্র প্রেরণ এবং মৃত ব্যক্তির পরিবারে শোক বার্তা প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	এফডব্লিউডি, এফডব্লিউএ, গ্রাম পুলিশ, স্বাস্থ্য সহকারী, সার্বিক সহযোগীতায় পরিবার পরিকল্পনা পরিদর্শক, ইউপি সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৪নং আলিয়াবাদ ইউনিয়ন পরিষদ কার্যালয়
ফরিদপুর সদর, ফরিদপুর।

স্মারক নং- আলিয়াবাদ/ইউপি/

তারিখঃ-----

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	সরবরাহে সার্বিক সহযোগিতা করা হবে।		
(ঘ) টিকাদান কার্যে জন্ম নিবন্ধন নিশ্চিত করণ।	স্বাস্থ্য সহকারী জনাব শারমিন আক্তার বলেন, আমার কেন্দ্রে টিকাদানের সময় প্রতিটি অভিভাবককে বলা হয় যে, ৪৫ দিনের মধ্যে শিশুর জন্ম নিবন্ধন সম্পন্ন করবেন। নাহলে পরবর্তী টিকা দিতে আইনি জটিলতায় পরতে হবে। এতে করে অভিভাবকগণ সঠিক সময়ে নিবন্ধন করতে অনেকটা প্রভাবিত হয়।	জন্ম নিবন্ধন নিশ্চিত সাপেক্ষে টিকা কার্যের সকল ডোজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	স্বাস্থ্য সহকারী

অতঃপর সভায় আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ওমর ফারুক)

চেয়ারম্যান

আলিয়াবাদ ইউনিয়ন পরিষদ
ফরিদপুর সদর, ফরিদপুর।

স্মারক নং: আলিয়াবাদ/২০২৩/

।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল :

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।

২। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর।

৪। জনাব সদস্য, ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি (সকল)।

৫। নোটিশ বোর্ড।

৬। অফিস নথি।